[redacted]

[redacted]

[redacted]

[

রহমান, সংরক্ষিত মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদী মিলি, প্রমুখ।

আলমডাঙ্গায় ড্রাইভিং লাইসেন্স ও রেজিস্ট্রেশন কার্যক্রম অফিসের উদ্বোধন

ইলেক্টিক্যাল ব্যাটারি এবং মোটর চালিত অটো রিকসা ও অটো বাইক চালকদের ড্রাইভিং ট্রেনিং ও তাদের যানের রেজিস্ট্রেশনের লক্ষে আলমডাঙ্গায় এক সভা অনুষ্ঠিত হয়েছে। এ যানের বৈধতা দেবার লক্ষে সংসদে গ্রেজেট পাস হওয়ার পর বাংলাদেশ ইলেকট্রিক ও ব্যাটারি চালিত অটো রিক্সা অটো বাইক সার্ভিস লিমিটেডের আলমডাঙ্গা উপজেলা শাখার আয়োজনে

গতকাল শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গার আল ইকরা ক্যাডেট একাডেমি প্রাঙ্গণে এ সভার আয়োজন ও অফিসের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা শাখার ম্যানেজার এম শাহাবুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওসি অপারেশন ফরিদ উদ্দিন। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইলেকট্রিক এন্ড অটোরিক্সা, মোটর চালিত অটোবাইক ইলেকট্রিক সার্ভিস লিঃ এর মার্কেটিং ডিরেক্টর আখতার আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১নং ওয়ার্ড কাউন্সিলর আলাল উদ্দিন, আলনা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম বন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস,আলমডাঙ্গা ইজিবাইক মালিক সমিতির সভাপতি মাহাবুবুল ইসলাম,সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, আলমডাঙ্গা ইজিবাইক মালিক সমিতির উপদেষ্টা মোহাম্মদ লালটু রহমান।আল ইকরা একাডেমির শিক্ষক শাহিন শাহিদের উপস্থাপনায়, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মোঃ ওমর শরীফ রাসেল , নাসির উদ্দিন, মোহাম্মদ মির্জা তুষার, আব্দুল আউয়াল, মোঃ মিন্টু, আব্দুল লতিফ, মোহাম্মদ বিপ্লব, মোহাম্মদ মিডল প্রমূখ।

সভায় প্রধান আলোচক আখতার আহম্মেদ বলেন, বাংলাদেশ সরকার এসব

যানের বৈধ্যতা দেওয়ার জন্য সংসদে গ্রেজেট প্রকাশ করেছে। আপনাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ চালক তৈরী এবং অবৈধ যানকে বৈধতা দেবার জন্য বিআরটিএর মাধ্যমে রেজিস্ট্রেশন ও রোড পারমিটের ব্যবস্থা করা হবে। এতে আপনারা যেমন উপকৃত হবেন। সরকারও রাজস্ব পাবে।

তাই যারা এসব যান চালিয়ে জীবিকা নির্বাহ করেন, তারা সবাই প্রশিক্ষণ গ্রহণ করে রেজিস্ট্রেশন নিয়ে গর্বিত চালক হিসেবে কাজ করতে এগিয়ে আসবেন।

দর্শনা থানার আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে পালিত

পুলিশ-জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি, এই স্লোগানকে সামনে রেখে দর্শনা থানা ও কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল দশটার দিকে দিবসটি উপলক্ষে দর্শনা থানা পুলিশ ও জনগণের মধ্যে সুদূহ্য সম্পর্ক গড়ে তোলার জন্য বর্নাট্য র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি দর্শনা থানা থেকে বের হয়ে রেলবাজার প্রদক্ষিণ শেষে আবার থানায় ফিরে সমাপ্ত হয়।

অনুষ্ঠিত বর্ণাঢ্য র্যালিতে উপস্থিত ছিলেন, দর্শনা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা,ইন্সপেক্টর (তদন্ত) নীরব হোসেন, ইন্সপেক্টর (অপারেশন) শফিউল আলম সহ থানায় কর্মরত অন্যান্য অফিসার ও ফোর্স এবং কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির সদস্যবৃন্দ।

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে জাতীয় সমবায় দিবস পালিত

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে ৫২ তম সমবায় দিবস পালিত হয়েছে। “সমবায়ে গড়ছি দেশ, স্মাট হবে বাংলাদেশ” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় অধিদপ্তরের আয়োজনে এ দিবসটি পালিত হয়।

এ উপলক্ষে গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের পর উপজেলা চত্বর থেকে জাতীয় সমবায় দিবসের একটি র্যালি বের হয়ে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভায় অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

প্রধান অতিথি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিল সমবায়ের মাধ্যমে প্রতিটি কাজ সুসম্পন্ন্ করতে। দশের লাঠি একের বোঝা। তাই কোন কাজ একা না করে সম্মিলিত ভাবে করলে সেটার একটা যথাযথ ফলাফল পাওয়া যায়। কোন কাজকে ছোট করে দেখা যাবে না। সমবায়ের মাধ্যমে শক্তিবৃদ্ধি পায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমাল আহমেদ ডন, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় কর্মকর্তা সাহারুল ইসলাম। আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজমের পরিচালনায় বক্তব্য রাখেন সরকারি কলেজের সহকারি অধ্যাপক ডক্টর মাহবুবুবুর রহমান, বিশিষ্ট সমাজকর্মি গোলাম সরোয়ার শামীম, সিরাজুল ইসলাম, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার মনজুরুল ইসলাম বেলু, হাফেজ মাসুদ কামাল, অর্পিতা পাল, পানি উন্নয়ন সমবায় সমিতির সভাপতি এনামুল হক, শিক্ষক বিপ্লব হোসেন প্রমুখ।

[redacted]

[redacted]

ধাওয়া করতে থাকি এবং সরোজগঞ্জ ক্যাম্পের সহযোগিতায় আমরা যৌথ অভিযানে ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামীদেরকে আজ চুয়াডাঙ্গা সদর থানায় সোর্পাদ করে মামলা দায়ের করেন বলে জানিয়েছেন সরোজগঞ্জ ক্যাম্প পুলিশ।

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে উদযাপিত

‘পুলিশ-জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি’ শ্লোগানকে সামনে রেখে আজ শনিবার সকাল সাড়ে নয়টার সময় সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গায় ‘কমিউনিটি পুলিশিং ডে-২০২৩’ উদযাপিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশ এবং কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির উদ্যোগে দিবসটি বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার ফোর্স, আমন্ত্রিত অতিথি ও কমিউনিটি পুলিশিং সদস্যদের উপস্থিতিতে গতকাল শনিবার শহীদ হাসান চত্বরস্থ মাথাভাঙ্গা নতুন ব্রীজ হতে বেলুন, ফেস্টুন ও কবুতর উড়িয়ে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি চুয়াডাঙ্গা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে ডিসি সাহিত্য মঞ্চে এসে শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা ডিসি সাহিত্য মঞ্চে ‘কমিউনিটি পুলিশিং ডে-২০২৩’ উপলক্ষে সকল আত্মবলিদানকারী গর্বিত বাংলাদেশ পুলিশের সদস্যদের আত্মার মাহফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন ও প্রধান উপদেষ্টা কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি, চুয়াডাঙ্গার সভাপতিত্বে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের

চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, সাবেক সংসদ সদস্য (সংরক্ষিত মহিলা আসন-৯) শিরিন নাইম পুনম, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও আহবায়ক কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি প্রফেসর মোঃ কামরুজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (অব:) ও সদস্য সচিব কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি মোঃ মনিরুজ্জামান সহ বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ, শিক্ষক, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেক্ট্রনিকস্ মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সবৃন্দ

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ পুলিশ এখন দেশের মানুষের প্রধান ভরসাস্থলে পরিণত হয়েছে। পুলিশের সঙ্গে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি ও অপরাধ দমনের অন্যতম মাধ্যম হিসেবে কমিউনিটি পুলিশিং বিশেষ ভূমিকা পালন করছে।

পুলিশের কাজে সহযোগিতা ও অপরাধ সচেতনতা তৈরিতে বাল্য বিবাহ রোধ, ইভটিজিং প্রতিরোধ, জঙ্গিবাদ দমন, সন্ত্রাস দমন, মাদকের কুফল, নারী নির্যাতন, শিশু নির্যাতন, যৌতুক নিরোধ ও সামাজিক মূল্যবোধ সৃষ্টিসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বক্তারা বিভিন্ন দিক নির্দেশনা দেন।

জীবননগরে পুলিশের অভিযানে সাবেক চেয়ারম্যান আটক

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি ও উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দিবাগত রাতে গোপন তথ্যের ভিত্তিতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে জীবননগর থানার এসআই(নি:) মোঃ সিরাজুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ

উথলী ইউনিয়নে বিশেষ অভিযান পরিচালনা করে রাত ০৩.৪৫ শের সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনের হুদা এলাকা থেকে সেনেরহুদা গ্রামের মৃত আফসার আলীর ছেলে উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালামকে(৫৮) আটক করে পুলিশ। যার জীবননগর থানার মামলা নং ২৬।

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত হয়েছে। “বঙ্গবন্ধুর ভাবনা সংবিধানের বর্ণনা, এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ শনিবার বেলা ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের চত্বরে সংবিধান দিবস অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]